দৈনিক ইনকিলাব

তারিখ 12 JAN 1988
পৃষ্ঠা 1 কলাম 7

২

# সরকার কলেজে সামরিক বিজ্ঞান শিক্ষা চালু করার কথা বিবেচনা করছেন

## —প্রেসিডেন্ট

প্রেসিডেন্ট হুসেইন মুহম্মদ এরশাদ বলেছেন, সরকার কলেজ পর্যায়ে সামরিক বিজ্ঞান শিক্ষা চালু এবং বিশ্ববিদ্যালয়ে সামরিক অনুষদ খোলার কথা বিবেচনা করছেন। তিনি আরো বলেন, দেশের যুব সমাজ সামরিক প্রশিক্ষণ নিয়ে সশস্ত্র বাহিনীর পাশাপাশি জাতীয় স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষা করতে পারে। তিনি বলেন, যুব সমাজের এই বীরত্বগাঁথা জাতির প্রেরণার উৎস হয়ে থাকবে।

প্রেসিডেন্ট গতকাল ঢাকায় এরশাদ জাতীয় স্কোয়ারে বাংলাদেশ জাতীয় ক্যাডেট কোর (বিএনসিসি) বার্ষিক কুচকাওয়াজে ভাষণদানকালে একথা বলেন। তিনি বলেন, দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষা করা সশস্ত্র বাহিনীর দায়িত্ব, তবে এই মহৎ উদ্দেশ্যে যুব সমাজ স্বতঃস্ফূর্তভাবে এগিয়ে এলে বাংলাদেশ বিশ্ব সম্প্রদায়ের কাছের একটা আত্ম মর্যাদাশীল ও শক্তিশালী জাতি হিসেবে প্রতিষ্ঠা লাভ করবে। প্রেসিডেন্ট বিএনসিসি'র সালাম গ্রহণ করেন। এ

শেষ পৃঃ ৬-এর কঃ দেখুন

## প্রেসিডেন্ট

প্রথম পৃষ্ঠার পর

কুচকাওয়াজ পরিচালনা করেন মেজর ডঃ মোহাম্মদ শাহাদাৎ আলী। এ কুচকাওয়াজে অংশ নেয় রমনা রেজিমেন্ট, কর্নফুলী রেজিমেন্ট, ময়নামতি রেজিমেন্ট, মহাস্থান রেজিমেন্ট, নৌ বিভাগ ও বিমান বিভাগ। এছাড়া প্রেসিডেন্ট দেশের বিভিন্ন এলাকা থেকে আগত মহিলা ক্যাডেট দলের মনোজ্ঞ কুচকাওয়াজ প্রত্যক্ষ করেন। বাসস।

ভাইস প্রেসিডেন্ট বিচারপতি এ কে এম নুরুল ইসলাম, প্রধানমন্ত্রী মওদুদ আহমদ, মন্ত্রী পরিষদের সদস্যবৃন্দ, তিন বাহিনী প্রধান, কূটনীতিক এবং পদস্থ সামরিক ও বেসামরিক কর্মকর্তারা এ কুচকাওয়াজ প্রত্যক্ষ করেন। এর আগে প্রেসিডেন্ট কুচকাওয়াজ ময়দানে পৌঁছলে স্বরাষ্ট্র সচিব মোহাম্মদ শামসুল হক চিশ্‌তি এবং বিএনসিসি'র পরিচালক ব্রিগেডিয়ার মোহাম্মদ আইনুদ্দীন তাঁকে অভ্যর্থনা জানান। প্রেসিডেন্ট নিজে সশস্ত্র বাহিনীর সুপ্রীম কমাণ্ডার।

প্রেসিডেন্ট বলেন, দেশের আগামী দিনের বংশধরকে নেতৃত্বের উন্নয়ন, শৃঙ্খলা, সততা ও ঐক্যের মাধ্যমে শ্রেষ্ঠ সন্তান হিসেবে গড়ে তোলার জন্য বিএনসিসি প্রতিষ্ঠা করা হয়। প্রেসিডেন্ট এর গত বছরের ঘোষণা অনুসারে চলতি বছর ১৫ হাজার নতুন ক্যাডেট ভর্তির অনুমতি দেয়া হয়েছে। তিনি বলেন, আগামীতে ক্যাডেটের সংখ্যা এক লাখে উন্নীত করা হবে। তিনি বলেন, এ দেশ আমাদের সবারই তাই জাতির অগ্রগতি ও সমৃদ্ধির লক্ষ্যে পৌঁছানোর জন্য সমাজের সর্বস্তরের মানুষের পরোক্ষ ও প্রত্যক্ষ অংশগ্রহণ একান্তই প্রয়েজান।

তিনি বলেন, দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়ে ছাত্র সমাজকে দেশের উন্নয়নে অগ্রণী ভূমিকা পালনের জন্য এগিয়ে আসতে হবে। তিনি বলেন, যুব সমাজকে হতাশা থেকে মুক্ত করার জন্য সরকার বিজ্ঞানসম্মত ও বাস্তব উপযোগী শিক্ষা নীতি প্রণয়ন করেছেন। তিনি আরো বলেন, আমরা শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে রাজনীতি মুক্ত করার চেষ্টা চালাচ্ছি, যাতে করে দেশের শিক্ষা ব্যবস্থা চোরাবালির আধারে ডুবে না যায়।